

💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

পানাহার গ্রহণের সময় প্রয়োজনীয় কথা বলা

কাউকে খাওয়ার দাওয়াত দেয়া হলে অন্য কেউ যদি বিনা দাওয়াতেই তার সাথে চলে আসে তাহলে মেজবানকে তথা নিমন্ত্রণকারীকে বলতে হবে যে, এই লোকটি বিনা দাওয়াতে আমাদের সাথে চলে এসেছে। আপনি ইচ্ছা করলে তাকে প্রবেশের অনুমতি দিতে পারেন। আর যদি তা না করেন তাহলে সে ফেরত যাবে। নাবী (ولاله) খাদ্য গ্রহণ করার সময় প্রয়োজনীয় কথাও বলতেন। যেমন তিনি একবার খাদেমকে বলেছিলেন- বিসমিল্লাহ্ বল এবং খাও। আতিথেয়তায় অভ্যস্থ এবং দানশীল লোকদের ন্যায় কখনও তিনি মেহমানদের কাছে বেশী পরিমাণ খাওয়ার জন্য একাধিকবার আবেদন করতেন। যেমনটি এসেছে আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত দুধ পান করার ঘটনায়। আবু হুরায়রা (রাঃ) কে তিনি একাধিকবার বলেছেন- اشرب তুমি আরও পান কর। কথাটি তিনি বলতেই থাকলেন। শেষ পর্যন্ত আবু হুরায়রা (রাঃ) এ কথা বলতে বাধ্য হলেন যে, ঐ আল্লাহর শপথ! যিনি আপনাকে সত্য সহকারে প্রেরণ করেছেন, আমার পেটে আর কোন জায়গা খালি নেই।[1]

ফুটনোট

[1]. বুখারী, অধ্যায়ঃ কিতাবুর রিকাক।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3882

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন